

অধ্যক্ষের কার্যালয়
সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল
বিজ্ঞপ্তি

২০২২-২০২৩ শিক্ষাবর্ষের ডিগ্রী (পাস) নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্তদের ভর্তি বিজ্ঞপ্তি

এতদ্বারা সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, ২০২২-২০২৩ সালের ডিগ্রী (পাস) নিয়মিত কোর্সে ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীদের ভর্তি -

ভর্তির তারিখ ১৫/১০/২০২৩ থেকে ১৮/১০/২০২৩ তারিখ পর্যন্ত (ছুটির দিন ব্যতীত)

১. ভর্তি সংক্রান্ত নিয়মাবলী:

- ক) জাতীয় বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ওয়েবসাইট www.nu.ac.bd/admissions থেকে ভর্তির চূড়ান্ত আবেদন ফরম সংগ্রহ করা যাবে। মেধাতালিকায় স্থানপ্রাপ্ত শিক্ষার্থীকে Applicant's Login (Degree pass) অপশনে গিয়ে প্রাথমিক আবেদন ফরমের রোল নম্বর ও পিন কোড সঠিকভাবে এন্ট্রি করে Login করতে হবে। এ ক্ষেত্রে শিক্ষার্থীর নাম, বরাদ্দকৃত কোর্স/গ্রুপ, কলেজের নামসহ একটি ভর্তির চূড়ান্ত আবেদন ফরম Website এ প্রদর্শিত হবে। সঠিক তথ্যসহকারে ভর্তির আবেদন ফরমটি Submit Application অপশনে ক্লিক করলে একটি চূড়ান্ত ভর্তির আবেদন ফরম Website দেখা যাবে। উক্ত ফরমটির দুই কপি A4(8.5"X11") সাদা অফসেট কাগজে প্রিন্ট কপি নিয়ে ভর্তির নির্ধারিত ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে পরিশোধ করে ভর্তি ফরমটি কলেজের ভর্তি শাখায় জমা দিতে হবে।
- খ) কলেজ কর্তৃক ধার্যকৃত ফি পরিশোধ করে উল্লিখিত সময়ের মধ্যে মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক/সমমান পরীক্ষার পাসের নম্বরপত্র, রেজিস্ট্রেশন কার্ডের ফটোকপি সত্যায়িত, প্রাথমিক আবেদন ফরমের শিক্ষার্থীর অংশ সহ চূড়ান্ত ভর্তির আবেদন ফরমের কপি ভর্তি শাখায় জমা দিতে হবে।

উল্লেখ্য যে, ১ম মেধা তালিকায় স্থানপ্রাপ্ত ভর্তিচ্ছু শিক্ষার্থী স্নাতক (পাস)/স্নাতক (সম্মান)/স্নাতক (সম্মান) প্রফেশনাল কোর্সে (যে শিক্ষাবর্ষে হোক না কেন) বর্তমানে অধ্যয়নরত থাকলে তাকে অবশ্যই ১৭ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে পূর্ববর্তী শিক্ষাবর্ষের ভর্তি বাতিল করে অনলাইনে চূড়ান্ত ভর্তি ফরম পূরণ করতে হবে অন্যথায় দৈত ভর্তির কারণে ঐ শিক্ষার্থীর ভর্তি ও রেজিস্ট্রেশন বাতিল বলে গণ্য হবে।

ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এ জমা দিতে হবে।

ধার্যকৃত ফি: বিএ/বিএসএস/বিবিএস এর জন্য ৩৭৫০/- (তিন হাজার সাতশত পঞ্চাশ) টাকা এবং

বিএসসি এর জন্য ৩৮৫০/- (তিন হাজার আটশত পঞ্চাশ) টাকা মাত্র

২. ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং Rocket এর মাধ্যমে জমা দেয়ার নিয়ম।

Biller ID	Bill Number
Biller ID এর জায়গায় 3500 লিখতে হবে।	Bill Number এর জায়গায় ভর্তি ফরমের 7 digits ভর্তি রোল ও মোবাইল নম্বর লিখতে হবে।

ফি জমা দেওয়ার পর শিক্ষার্থী ডাচ বাংলা ব্যাংক Rocket থেকে একটি SMS পাবে। টাকা জমা দেওয়ার ক্ষেত্রে ভুলের কারণে ভর্তি বাতিল হলে কলেজ কর্তৃপক্ষ দায়ী থাকবে না।

বি.দ্র. বিস্তারিত নিয়মাবলী স্ব স্ব বিভাগে পাওয়া যাবে। সকল শিক্ষার্থীদের বেতন, সেশন চার্জসহ ফি ডাচ বাংলা ব্যাংক মোবাইল ব্যাংকিং এর মাধ্যমে জমা দিতে হবে। মোবাইল ব্যাংকিং চার্জ বাবদ ২০/- টাকা অতিরিক্ত জমা দিতে হবে।

(প্রফেসর ড. মোহাম্মদ গোলাম কিবরিয়া)

অধ্যক্ষ

সরকারি ব্রজমোহন কলেজ, বরিশাল।